

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১১৯.১৮-১৭২

তারিখঃ ১১ চৈত্র ১৪২৫
২৫ মার্চ ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৭৯১৪/২০১৮ মামলার ১৬/১২/২১৮ তারিখের রায়ের বিরুদ্ধে আপিল দায়েরসহ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

সূত্র: (১) অধ্যক্ষ, ধোবাউড়া ইসলামিয়া টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, ধোবাউড়া, ময়মনসিংহ এর ১/৩/১৯ তারিখের আবেদন।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১১৯.১৮-১০৯, তারিখ: ১৯/০২/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ধোবাউড়া উপজেলাধীন ধোবাউড়া ইসলামিয়া টেকনিক্যাল এন্ড বি এম কলেজের অধ্যক্ষ জনাব মুহাম্মদ আজিজুল হক উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদানের দাবী করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৭৯১৪/২০১৮ মামলা দায়ের করেন। উক্ত মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও আরো অন্যান্যসহ মোট ০৫ (পাঁচ) জনকে বিবাদী করা হয়েছে। বর্ণিত মামলাটি এমপিওভুক্তকরণ সংক্রান্ত কিন্তু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে পক্ষভুক্ত করা হয়নি।

২। রিট পিটিশন নং-৭৯১৪/২০১৮ মামলায় মাননীয় আদালত কর্তৃক ০৬/১২/২০১৮ তারিখে প্রদত্ত রায়/আদেশের অংশবিশেষ নিম্নরূপ-
" In the result, the Rule is disposed of. The respondents are hereby directed to enlist the name of the petitioner's teachers and employes in the Monthly Payment Order (MPO) and also allow them to withdraw their salary along with arrear bill within 1 (one) month on receipt of this order without any fail"


৩। উক্ত রায়/আদেশ মোতাবেক বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্ত করার জন্য রায়ের কপিসহ আলোচ্য প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক আবেদন করা হয়েছে।

৪। যেহেতু বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদানের কার্যক্রম কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও কারিগরি শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নয়। বিধায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর স্থলে বর্ণিত মামলায় কারিগরি শিক্ষা অধিদপ্তর পক্ষভুক্ত হয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের নিমিত্ত মামলা সংক্রান্ত সকল কাগজপত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে সংগ্রহ করার নির্দেশনা দিয়ে এ বিভাগ হতে গত ১৯/২/২০১৯ তারিখে ১০৯ সংখ্যক স্মারকমূলে চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু উক্ত পত্রের উপর ডিটিই এবং বাকাশিবো কর্তৃক কি কি ব্যবস্থা গৃহীত হয়েছে এ সংক্রান্ত কোন তথ্য টিএমইডি-তে নেই।

৫। রিট পিটিশন নং-৭৯১৪/২০১৮ মামলায় মাননীয় আদালত কর্তৃক ০৬/১২/২০১৮ তারিখে প্রদত্ত রায়/আদেশটি প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণ সংক্রান্ত। এতে সরকারের আর্থিক সংশ্লেষ রয়েছে বিধায় উক্ত রায়ের বিরুদ্ধে জরুরী ভিত্তিতে আপিল দায়ের করা আবশ্যিক।

৬। এমতাবস্থায়, সূত্রে বর্ণিত (২) নং স্মারকের মাধ্যমে প্রদত্ত নির্দেশনা মোতাবেক বাকাশিবো হতে বুলনিশি ও আর্জির কপি সংগ্রহপূর্বক রিট পিটিশন নং-৭৯১৪/২০১৮ মামলায় সরকার পক্ষভুক্ত হয়ে উক্ত মামলার ০৬/১২/২০১৮ তারিখের রায়/আদেশ এর বিরুদ্ধে আপিল দায়েরক্রমে আগামী ৩০/০৪/২০১৯ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে -০১ ফর্দ।


(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৯৫৭৫২৭২

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (কারিগরি), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, ধোবাউড়া ইসলামিয়া টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, ডাক+উপজেলা-ধোবাউড়া, জেলা-ময়মনসিংহ।
- ৮। অফিস কপি/মাস্টার কপি।